

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩ ১৮২
বিশালগড়, ২৫ মার্চ, ২০২৫

বিশ্রামগঞ্জ সিপাহীজলা জেলাভিত্তিক বিশ্ব যক্ষ্মাদিবস উদযাপন

বিশ্রামগঞ্জের শচীন দেববর্মা স্মৃতি কলাক্ষেত্রে গতকাল সিপাহীজলা জেলাভিত্তিক বিশ্ব যক্ষ্মাদিবস উদযাপন করা হয়। ‘সকলের প্রতি হোন যত্নবান, টিবি মুক্ত ভারত অভিযান’ এই স্লোগানকে সামনে রেখে জেলাভিত্তিক এই অনুষ্ঠানের উদ্বোধন করেন সিপাহীজলা জিলা পরিষদের সভাপতি সুপ্রিয়া দাস দত্ত। উদ্বোধনী ভাষণে সভাপতি বলেন, দেশের প্রধানমন্ত্রীর লক্ষ্য ২০২৫ সালের মধ্যে ভারতবর্ষকে সম্পূর্ণ যক্ষ্মা মুক্ত দেশ হিসেবে গড়ে তোলা। এটা সম্ভব হবে গ্রাম পঞ্চায়েত এবং ভিলেজ স্তরে জনসচেতনতার মধ্য দিয়ে। তিনি নেশা মুক্ত ত্রিপুরা, যক্ষ্মা মুক্ত ত্রিপুরা গঠন করতে এবং বাল্য বিবাহ রোধে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান। এছাড়া বক্তব্য রাখেন সিপাহীজলা জিলা পরিষদের সহকারী সভাপতি পিন্টু আইচ। উপস্থিত ছিলেন সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলাশাসক রিঙ্কু লাথের, সিপাহীজলা জিলা পরিষদের স্বাস্থ্য ও শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি সীমা ভৌমিক, জেলা পঞ্চায়েত আধিকারিক ধুবজিৎ দেববর্মা, সোনামুড়া মহকুমা স্বাস্থ্য আধিকারিক ডা. রাজেশ দাস, বিশালগড় মহকুমা স্বাস্থ্য আধিকারিক ডা. অরজিৎ সিনহা প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন সিপাহীজলা জেলা যক্ষ্মা আধিকারিক ডা. দ্বীপ কুমার দেববর্মা। সভাপতিত্ব করেন বিশ্রামগঞ্জ গ্রাম পঞ্চায়েতের প্রধান রূপালী দাস। বিশ্ব যক্ষ্মা দিবস উদযাপন অনুষ্ঠানে সিপাহীজলা জেলার ৯৪টি গ্রাম পঞ্চায়েতকে যক্ষ্মামুক্ত গ্রাম হিসেবে ঘোষণা করা হয় এবং আনুষ্ঠানিকভাবে ৫ জন গ্রাম পঞ্চায়েতের প্রধান সহ স্বাস্থ্য কর্মীদের হাতে শংসাপত্র তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে এছাড়াও যক্ষ্মারোগ প্রতিরোধ বিষয়ে জনসচেতনতার লক্ষ্যে প্রচারমূলক ভ্যানগাড়ির ফ্ল্যাগ অফ করা হয়।
